# কার্যনির্বাহী সারাংশ

১ ভারতবর্ষের উত্তর-পূর্ব অঞ্চলটি হিমালয়ের পূর্ব পাদদেশ পর্যন্ত বিস্তৃত এবং এটি সাতটি রাজ্যের সমন্বয়ে গঠিত যেগুলি যথাক্রমে আসাম,মনিপুর,মেঘালায়,মিজোরাম,নাগাল্যান্ড এবং ত্রিপুরা।ভৌগলিকভাবে এই অঞ্চলটি দেশের অন্যান্য অংশের সাথে পশ্চিমবঙ্গের একটি সংকীর্ণ ভুখন্ড দ্বারা সংযুক্ত এবং এর জনসংখ্যা প্রায় ৪.৫৬ কোটি।২০১১ জনগননা অনুযায়ি,এই জনবিরল উত্তর-পূর্বাঞ্চল অঞ্চলটি ভারতের মোট জনসংখ্যার ৩.৭ শতাংশ এবং ৭.৯শতাংশ ভৌগলিক পরিমন্ডল জুড়ে আছে।২০১১এর জনগননার তথ্য অনুযায়ি এই অঞ্চলটিতে প্রায় ৮২শতাংশ মানুষ গ্রামঞ্চলে বাস করে,যা জাতীয় গড় ৬৯ শতাংশের চেয়ে অনেক বেশি।এই অঞ্চলের বেশিরভাগ অংশই পাহাড়ি এবং বিশ্বের জীববৈচিত্র্যের উল্লেখিত( hotspots)অঞ্চল হিসাবে স্বীকৃত।অঞ্চলটির দুই তৃতীয়াংশ জায়গা অরণ্যে পরিবেষ্টিত যা পরিকল্পিত লক্ষ্যমাত্রা ৩৩ শতাংশের প্রায় দ্বিগুণ।এছাড়ায়ও অঞ্চলটিতে বিভিন্ন ধরনের জাতিগত,কৃষ্টি,ধার্মিক ও বহুভাষা গোষ্ঠীর মানুষ বসবাস করে যারমধ্যে ১৬০ ধরনের তফশিলী উপজাতি সম্প্রদায়(৬৩০সমগ্র দেশে)এবং ৪০০ টির বেশি উপজাতি গোষ্ঠী আছে।এই আদিবাসী জনগোষ্ঠী ছাড়াও অন্যান্য বড় জনগোষ্ঠী এই অঞ্চলে বর্তমান।

## ২ আঞ্চলিকবিদ্যুৎপরিবহনওবিতরণ

যদিও ভারতবর্ষের উত্তর-পূর্বাঞ্চল প্রচুর শক্তি সম্পদে ভরপুর তবুও এই অঞ্চলটি বিদ্যুৎ পরিষেবা পাওয়া ও ব্যবহারের ব্যাপারে অনেক সমস্যার সম্মুখীন হয়।ভারতবর্ষের মাথাপিছু জাতীয় গড় বিদ্যুৎ ব্যবহারের মাত্র এক তৃতীয়াংশ এই উত্তর-পূর্বাঞ্চল বন্টন ব্যবস্থায় ব্যবহৃত হয়।যদিও এটি সর্ব্বোচ্চ চাহিদার(১৯৫০মেগাওয়াট) চাইতে ৫০০ মেগাওয়াট কম।সাম্প্রতিককালে উৎপাদন ক্ষমতা বাড়ানোর জন্য যথাযথ উল্লেখযোগ্য প্রয়াস সংযোজিত হয়নি।বিদ্যুৎ সরবরাহের ঘাটতি ধারাবাহিকভাবে এই অঞ্চলের উন্নয়নের একটি প্রধান অন্তরায়। এখানকার কিছু কিছু রাজ্যদূর্বল/অপর্যাপ্ত,অন্ত/আন্তঃ রাজ্য বিদ্যুৎ পরিবহন ও বন্টন পরিকাঠামোর জন্য তাদের বরাদ্দের অংশটুকুও কেন্দ্রীয় বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র থেকে গ্রীডের মাধ্যমে গ্রহন করতে পারে না।অপ্রতুল আর্থিক সংস্থানের কারনে এই পরিকাঠামোর সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় বিনিয়োগও করা যায়নি। প্রায় সমস্ত রাজ্যেই বন্টন ও পরিবহন ব্যবস্থায় অপচয়ের পরিমান লক্ষনীয়ভাবে বেশী(৫০ শতাংশ)। দুর্গম পাহাড়ী জায়গা গুলিকে দীর্ঘ লো-টেনশন লাইনের দ্বারা যুক্ত করার ফলস্বরুপ গ্রাহকেরা কম ভোল্টেজ ও খারাপ মানের বিদ্যুৎ পরিষেবা পেয়ে থাকেন। বর্তমান উৎপাদন ক্ষমতার পাশাপাশি 4000 মেগাওয়াট অতিরিক্ত উৎপাদন ক্ষমতার জন্য প্রয়োজনীয় পরিকাঠামো তৈরির কাজ শুরু হয়েছে।তার সাথে সুসংগত বিদ্যুৎ পরিবহন ও বন্টন পরিকাঠামো ব্যবস্থা ঢেলে সাজানোর প্রয়োজন আছে যাতে সমগ্র উত্তর-পূর্বাঞ্চলের বিদ্যুৎ গ্রাহকেরা উপকৃত হয়।

## ৩ প্রকল্পেরপ্রেক্ষাপট

উত্তর-পূর্ব অঞ্চলের বিদ্যুৎ পরিবহন ও বন্টন পরিকাঠামো বৃদ্ধির জন্য ভারত সরকার "Composite scheme for transmission and distribution (T&D) in NER"নামে একটি প্রকল্পের সূচনা করেছে যার দ্বারা আন্তঃ/অন্ত রাজ্যবিদ্যুৎ পরিবহন পরিকাঠামোর গুনগত মান বৃদ্ধি করা যাবে ও একইসঙ্গে অপচয় কমানো যাবে।ভারত সরকার NERPSIP জন্য বিশ্ব ব্যাংকের কাছে IBRDসহায়তা তহবিলের মাধ্যমে ১৫০০ মিলিয়ন

মার্কিন মুদ্রা ঋণপ্রস্তাব করেছে। তিনটি বিনিয়োগ কিস্তিতে(প্রতিটি৫০০ মিলিয়ন মার্কিন মুদ্রা)উত্তর-পূর্ব অঞ্চলের ছয়টি রাজ্যের অন্ত/আন্তঃ রাজ্য বিদ্যুৎ পরিবহন ও বন্টন ব্যবস্থার (33kVএবং তদুর্দ্ধ)পরিকাঠামোর গঠন এবং সংশ্লিষ্ট সংগঠনগুলির প্রাতিষ্ঠানিক সামর্থ বৃদ্ধির লক্ষ্যে এই ঋণ প্রস্তাব করা হয়েছে। এই প্রকল্প রূপায়নের জন্য ভারত সরকারের বিদ্যুৎ মন্ত্রক POWERGRID-কে কেন্দ্রীয় কার্যে পরিণতকারী সংস্থা হিসেবে"(IA)নিয়োগ করেছে।এই প্রকল্পের মাধ্যমে তৈরি পরিকাঠামো এবং মূলধনী সম্পদ সংশ্লিষ্ট রাজ্য সরকার অথবা বিদ্যুৎ সংস্থাগুলিকে হস্তান্তর করে দেওয়া হবে স্ব-খরচায় সেগুলির পরিচালনা এবং রক্ষনাবেক্ষনের জন্য।

৪ এই প্রকল্পের প্রথম বিনিয়োগ কিস্তি সাত বছর(২০১৪-২০২১)ধরে নিম্নলিখিত মূল কাজ গুলির জন্য ব্যবহৃত হবে।

(ক) অন্তরাজ্য পরিবহন এবং বন্টন পরিকাঠামোর উন্নতি সাধনের জন্য অগ্রাধিকারভিত্তিক বিনিয়োগ।

(খ)সংশ্লিষ্ট বিভাগ ও সংস্হাগুলির প্রাতিষ্ঠানিক সম্বৃদ্ধির জন্য কারিগরী সহায়তা।

৫ **ত্রিপুরা** উত্তর-পূর্ব অঞ্চলের এই রাজ্য আগামি দিনে ভারত সরকার,বিশ্ব ব্যাংক এবং এশীয় উন্নয়ন ব্যাংক এবং অন্যান্য বহুপাক্ষিক আর্থিক সংস্থার সাহায্যে বিদ্যুৎ পরিবহন এবং বন্টন ব্যবস্থাকে ঢেলে সাজাতে আগ্রহী। ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড( TSECL)নতুন পরিকাঠামোর ব্যবস্থাকে বলিষ্ঠ এবং সুস্থায়িকরার লক্ষ্যে বদ্ধপরিকর, সেজন্য TSECL একটি পরিবেশ এবং সামাজিক প্রবন্ধননীতি ও পদ্ধতির(ESPP)অবতারনা করবে যা আগামদিনের পথ-প্রদর্শক হতে কাজ করবে।এই প্রয়াস TSECL এর বিদ্যুৎ পরিবহন ও বন্টন ব্যবস্থার সাথে ওতপ্রোত ভাবে জড়িত পরিবেশগত ও সামাজিক সমস্যাগুলিকে চিহ্নিত করে বিশ্লেষন করবে এবং পরিকল্পনা মাফিক ব্যবস্থা গ্রহন করবে। ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড তার প্রাতিষ্ঠানিক কাজকর্মের মুলস্রোতের সাথে পরিবেশ এবং সামাজিক বিষয় ভাবনাগুলিকে সংযুক্ত করবে এবং সেইগুলি রূপায়নের ক্ষেত্রে র্নিদিষ্ট কর্মসূচি তৈরি করবে যা সংস্থা এবং প্রকল্প এই দুই স্তরেই কার্যকরি হবে।দেশে এবং বিদেশে প্রচুর সংখ্যায় অনুরূপ কাজের অভিজ্ঞতা থাকার সুবাদে, TSECL এর জন্য অনুরূপ একটি ESPP তৈরি করার জন্য POWERGRID-কে নিযুক্ত করা হয়েছে।এই পদক্ষেপ নিম্নলিখিত বিষয়গুলিকে সহায়তা করবে।

প্রকল্পের আওতায় পরিবেশগত ও সামাজিক সমস্যাগুলির চিহ্নিতকরন,পরিকল্পনা তৈরি,পুনর মুল্যায়ন,অনুমোদন ও রুপায়ানে সাহায্য ।

সংশ্লিষ্ট পরিবেশগত ও সামাজিক সমস্যাগুলির সুস্থায়ী ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় পর্যবেক্ষন, তথ্যের আদান-প্রদান এবং প্রতিবেদনের রূপরেখা তৈরি করবে এবং আধিকারিকদের যথাযথ দায়িত্ব সুস্পষ্ট করবে।

- ESPP বাস্তবায়নের ক্ষেত্রে কাঙ্খিত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজোনীয় কারিগরি সহায়তার রূপরেখা তৈরি করবে।

- পরিবেশ এবং সামাজিক সমস্যাগুলির প্রভাব প্রশমিত করার লক্ষ্যে উপযুক্ত পরিচালন ব্যবস্থা গ্রহনের জন্য প্রয়োজনীয় অর্থের যোগান সুনিশ্চত করা।
- TSECL বিশ্বাস করে যে ESPP একটি গতিশীল নথি যা সময়ের সাথে সাথে পরিমার্জিত হবে এবং কাজের অভিজ্ঞতার সাথে সাথে এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয়গুলির পরিপ্রেক্ষিতে পরিবেশগত এবং সামাজিক বিষয়গুলিকে TSECL এর কর্মকান্ডের মূলস্রোতের সাথে সংযুক্ত করার ক্ষেত্রে ESPP সদর্থক ভুমিকা পালন করবে

**TSECL'এর পরিবেশ এবং সামাজিক নীতি বিবৃতি**

সুস্হায়ী উন্নয়নের লক্ষ্যে প্রকল্প রচনা এবং রূপায়নের ক্ষেত্রে সামাজিক এবং পরিবেশ সংক্রান্ত বিষয়গুলির চিহ্নিতকরন,বিশ্লেষন এবং প্রয়োজনীও ব্যবস্থা গ্রহনের সর্বোত্তম পদ্ধতি অবলম্বন করা এবং সম্পূর্ন স্বচ্ছতার সাথে সামাজিক দায়বদ্ধতার কথা মাথায় রেখে অনিবার্য সমস্যাগুলিকে যথাসম্ভব এড়িয়ে যাওয়া, কাজের প্রভাব প্রশমিত করা এবং সর্বোপরি দূরীভূত করার লক্ষ্যে সচেষ্ট থাকা।

## ৬ TSECL এর পরিবেশ এবং সামাজিক নীতির তিনটিমূল স্তম্ভ হলঃ

- প্রকল্পের পরিকল্পনার সময়েই পরিবেশ এবং সামাজিকভাবে স্পর্শকাতর বিষয়গুলিকে যথাসম্ভব এড়িয়ে চলা।
- প্রকল্পের কাজের ফলে তৈরি নেতিবাচক প্রভাবগুলিকে যথাসম্ভব লাঘব করা
- অনিবার্য নেতিবাচক প্রভাবগুলিকে সম্পূর্ণরূপে দূরীভূত করা

প্রকল্পের কর্মপদ্ধতি  এবং অভিমুখ

৭ প্রাথমিক এবং আনুষাঙ্গিক তথ্যের ভিত্তিতে ও মুদ্রিত তথ্যের উপর গবেষনা মূলক নথির সাহায্য নিয়ে এই পরিবেশ এবং সামাজিক নীতিটি আঞ্চলিক/রাজ্য ভিত্তিকভাবে তৈরি করা হয়েছে। পরিবেশ এবং সমাজের উপর সম্ভাব্য নেতিবাচক প্রভাবগুলি চিহ্নিত করার ক্ষেত্রে গৃহীত কর্মপদ্ধতি মূলত অনুরুপ প্রকল্প রূপায়নের অতীত অভিজ্ঞতা এবং এই প্রকল্পের প্রারম্ভিক তথ্য বিশ্লেষনের সময় অনুমান করতে পারা কার্যক্রমের উপর নির্ভর করে নেওয়া হয়েছে।এই কর্মপদ্ধতি অবলম্বন করার ক্ষেত্রে অনেকগুলি সম্ভাব্য এবং বিস্তৃত বিষয়কে বিবেচনা করা হয়েছে।

- ভৌত এবং রাসায়ানিক পরিবেশ(যেমন জল,মাটি প্রভৃতি)
- জৈব পরিবেশ(বনভূমি,পশুপাখি,ইত্যাদি)
- জনগোষ্ঠি,সমাজিক দল এবং ব্যক্তি(ভূমিহীন,কৃষি জীবিকা চ্যুত,আদিবাসী এবং প্রান্তিক গোষ্ঠীর(মহিল এবং অনুন্নত সম্প্রদায়)আর্থ-সামাজিক অবস্থা,ঝুঁকি ও সামাজিক নিরাপত্তা)।

৮

- ইতিমধ্যে  মুদ্রিত এবং গবেষনা নথির থেকে প্রাপ্ত, পরিবেশ এবং সামাজিক  বিষয় সংক্রান্ত প্রারম্ভিক তথ্যের পর্যালোচনা।

- জাতীয় এবং রাজ্যভিত্তিক সংশ্লিষ্ট নীতি এবং বহুপাক্ষিক সংস্হাগুলির ক্রমাগত পর্যালোচনা
- প্রকল্প সংক্রান্ত সমস্ত নথির পর্যালোচনা এবং

  সংশ্লিষ্ট ব্যক্তি এবং প্রতিষ্ঠান সমুহের সাথে আলোচনা

৯

**পর্যালোচনা/অংশগ্রহন**

- পরিবেশ এবং সামাজিক সমস্যাগুলিকে চিহ্নিত করে এবং সেই সংক্রান্ত চিন্তা ভাবনাগুলিকে জানার জন্য সংযুক্ত মূল ব্যক্তিসমূহ প্রতিষ্ঠান,স্থানীয়,রাজ্য এবং কেন্দ্রীয় স্তরের,এমনকি বিশ্ব ব্যাংকের আধিকারিকদের সঙ্গে পর্যায়ক্রমে আলোচনা করা হয়েছে।সামাজিক এবং পরিবেশের দৃষ্টিকোণ থেকে দেখা সমস্যাগুলির ওপর সুচিন্তিত মতামতগুলিকে একত্র করে ESPP তে অন্তর্ভূক্ত করা হয়েছে যাতে পরিকল্পনা বাস্তবায়ন করতে গিয়ে তার সদ্ব্যবহার করা যায়।

## একনজরে ত্রিপুরা রাজ্য

১০.ত্রিপুরা হল ভারতের উত্তর-পূর্বে একটি স্থল বেষ্টিত রাজ্য এবং এর অক্ষাংশ ২২°৫৬ 'এবং ২৪°৩২'উত্তর এবং দ্রাঘিমাংশ ৯১°০৯' এবং ৯২°২০' পূর্ব পর্যন্ত বিস্তৃত।এর আয়তন হল ১০,৪৯১.৬৯বর্গকিমি এবং উত্তর, দক্ষিণ ও পশ্চিমে ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্ত দ্বারা বেষ্টিত।রাজ্যটি প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ যার মধ্যে গ্যাস ও অরণ্য রয়েছে । স্থানীয় উদ্ভিদকুল ও প্রাণিকুলে খুব নিকট ঐক্যের প্রতিচ্ছায়া দেখতে পাওয়া যায় ইন্দো-চীনা এবং ইন্দো-মালয় উপ-অঞ্চলের উদ্ভিদ এবং প্রাণী জগতের সঙ্গে।রাজ্যটি ৯B-উত্তর-পূর্ব পাহাড়ের জৈব ভৌগলিক অঞ্চলে অবস্থিত এবং অত্যন্ত জীববৈচিত্র্যে সমৃদ্ধ এই অঞ্চলের প্রায় ৬০ শতাংশ বনাঞ্চল জনসংখ্যার এক তৃতীয়াংশ তফশীলি উপজাতি শ্রেণী যাদের জীবন এই বনাঞ্চলের সাথে ওতপ্রোত ভাবে জড়িত।

১১.বর্তমানে ত্রিপুরা রাজ্যে ৮টি জেলা ,২৩টি মহকুমা,৫৮টি ব্লক(তহশীল) এবং ৩২টি রাজস্ব মন্ডল সঙ্গে ৪টি পঞ্চায়েতি রাজ প্রতিষ্ঠান(পিআরআই)আছে। সংবিধানের ষষ্ঠ তফসিল এই রাজ্যের একটি হিসাবে বড় অংশ প্রযোজ্য,যেটি ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদ"(TTAADC)এর অধীনস্থ । সামগ্রিক ১০.৪৯১ বর্গকিমি ভৌগোলিক এলাকার মধ্যে ৭১৩৩ বর্গকিমি (প্রায় ৬৮ শতাংশ)"TTAADC" এর অন্তর্ভুক্ত।ষষ্ঠ তফশিল অঞ্চল পরিচালিত হয় "স্বশাসিত জেলা পরিষদের"(এডিসি)মাধ্যমে যাদের অনেক আইন প্রণয়ন ও নির্বাহী ক্ষমতা রয়েছ।এই পৃথক আইন প্রণয়ন, শাসন ও বিচার ব্যবস্থার ও নিয়মবিধীর অস্তিত্ব থাকায় এই রাজ্য সারা দেশের মধ্যে ব্যতিক্রমী

১২. ২০১১ সালের জনগননা অনুসারে ত্রিপুরা রাজ্যের জনসংখ্যা হল ৩৬,৭১,০৩২এর মধ্যে১৮,৭১,৮৬৭ পূরুষ এবং ১৭,৯৯,১৬৫ মহিলা।রাজ্যের সর্বমোট জনসংখ্যার তফশীলি জাতি এবং উপজাতি শ্রেনীর জনসংখ্যা যথাক্রমে ১৭.৩ শতাংশ এবং ৩১.১৩ শতাংশ।রাজ্যের উপজাতি জনগোষ্ঠীর মধ্যে ১৯টি উপ-অনুসুচিত উপজাতি আছে যারা তাদের নিজস্ব সাংস্কৃতিক পরিচয় বাহক;ত্রিপুরা মূলতঃ গ্রামীণ রাজ্য যেখানে জনসংখ্যার প্রায় ৮৩ শতাংশ মানুষ গ্রামে বসবাস করে।

১৩.অরণ্য হল ত্রিপুরার সংস্কৃতি এবং ঐতিহ্যর অবিচ্ছেদ্য অংশ এবং তার সংরক্ষণ রাজ্যের সামগ্রিক বাস্তুতন্ত্রের ভারসাম্য রক্ষাকরে।রাজ্যের ১০,৪৯১ বর্গকিমি ভৌগলিক এলাকা আছে যার মধ্যে ৬,২৯৪ বর্গকিমি(৬০.০২%)এলাকা বনাঞ্চল হিসাবে নথিভুক্ত;এরমধ্যে সংরক্ষিত বনাঞ্চল ৬৬.৩৩ শতাংশ,সুরক্ষিত বনাঞ্চল 0.0৩ শতাংশ এবং অসংরক্ষিত বনাঞ্চল ৩৩.৬৪ শতাংশ।২০১১ সালের উপগ্রহ তথ্যের উপর ভিত্তি করে দেখা যায় রাজ্যের ভৌগলিক এলাকার ৭,৮৬৬ বর্গকিমি(প্রায়৭৬.৯৮শতাংশ)বনাঞ্চলে ঘেরা।উল্লেখযোগ্য সংখ্যক পরিবার এই অরণ্যের ওপর নির্ভরশীল বিশেষ করে জুম চাষে,যেটি তাদের চাষাবাদের প্রধান উৎস।রাজ্যের প্রায় ১০শতাংশ বনাঞ্চলে জুম চাষ হয়।

১৪.ত্রিপুরায় দুটি জাতীয় উদ্যান এবং চারটি অভয়ারণ্য আছে যা প্রায় মিলীত ভাবে ৬০৩.৬৪ বর্গকিমি অঞ্চল জুড়ে আছে যা রাজ্যের মোট ভৌগোলিক অঞ্চলের ৫.৭৫ শতাংশ। ত্রিপুরাতে প্রায় ৪০৮ টি জলাভূমি ৯৮.৫৮ বর্গকিমি এলাকা জুড়ে আছে। রাজ্যের রুদ্রসাগর দীঘিটি আন্তর্জাতিক( Ramsar Convention on wet land নামক) সনদের অধীনে ভারত সরকারের পরিবেশ মন্ত্রালয়ের সংরক্ষিত।রাজ্যের সংরক্ষিত এলাকাগুলির বিবরণ তার আয়তন, অবস্থান এবং গুরুত্বপূর্ণ উদ্ভিদ ও প্রাণিকুলের উপস্থাপন নিচে টেবিল-১করা হয়েছে:

**Table 1: Protected Area Network in Tripura**টেবিল ১:ত্রিপুরার সংরক্ষিত অঞ্চলের যোগসূত্র

| **সংখ্যাNo.** | **Name of the Sanctuary/ National Park** জাতীয় উদ্যান এবং অভয়ারণ্যর নাম | **Area in km²** অঞ্চল বর্গকিমিঃ | **Location/ District** অবস্থান/জেলা | **Important Flora and Fauna found** গুরুত্বপূর্ণ উদ্ভিদ ও প্রাণীর সন্ধান |
|---|---|---|---|---|
| ১. | Sepahijala Wildlife Sanctuary সেপাহীজালা অভয়ারণ্য | ১৮.৫৪ | Sepahijala সেপাহীজালা | Birds and Primates, Migratory Birds in the winter, Spectacled Monkey.পাখিএবং বনমানুষ,শীতকালের পরিযায়ীপাখি, চশমা বানর |
| ২. | Gomati Wildlife Sanctuary গোমতি অভয়ারণ্য | ৩৮৯.৫৪ | Dhalai, Gomati ধালাই,গোমতি | Elephant, Samber, Barking Deer, Wild Goats, Serrow etc. হাতি,সাম্বার,বার্কিংহরিণ,বুনোছাগল, সেরওইত্যাদি |
| ৩. | Trishna Wildlife Sanctuary তৃষ্ণা অভয়ারণ্য | ১৯৪.৭১ | South Tripura দক্ষিণ ত্রিপুরা | Bison, Leopard, Barking Deer, Wild Dog, Capped Langur, King Cobra, Spectacled Monkey, Slow Lorries বাইসন,চিতাবাঘ,বারকিংহরিণ,বুন কুকুর,লেঙ্গর,শঙ্খচূড়া,চশমাবানর, মন্থরলরিস |
| ৪. | Rowa Wildlife Sanctuary রোয়া অভয়ারণ্য | 0.৮৬ | North Tripura উত্তর ত্রিপুরা | Many species of Birds and Primates বিভিন্ন প্রজাতির পাখি এবং বনমানুষ |
| ৫. | Bison (Rajbari) National Park বাইসন রাজবাড়ী জাতীয় উদ্যান | ৩১.৬৩ | South Tripura দক্ষিণ ত্রিপুরা | Bisons and many species of Birds বাইসন এবং বিভিন্ন প্রজাতির পাখি |
| ৬. | Clouded Leopard National Park ক্লাওডেড (মেঘলা) লিওপার্ড জাতীয় উদ্যান | ৫.০৮ | West Tripura পশ্চিম ত্রিপুরা | Clouded Leopard, Spectacled Langur and many Birds মেঘলাচিতা,চশমা লেঙ্গুর এবং অসংখ্য পাখি |

১৫.বর্তমানে ত্রিপুরায় তিনটি বিদুৎ উৎপাদন কেন্দ্র থেকে ১১০মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদিত হয়।এগুলি হল যথাক্রমে গোমতি জলবিদুৎ প্রকল্প,বড়মুড়া এবং রোকিয়া গ্যাস ভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্র।এছাড়াও প্রায় ১.০মেগাওয়াটক্ষমতা সম্পন্ন ডিজেলভিত্তিক বিদ্যুৎ উৎপাদন ইউনিট আছে যেটি জরুরি অবস্হার সময়

ব্যবহার করা হয়।২০১৪ সালের মার্চ মাসের হিসাবে প্রায় ৬.১লক্ষ উপভোক্তা আছে যারমধ্যে প্রায় ৮৯ শতাংশ গার্হস্থ্য,প্রায় ১০.১৮ শতাংশ বাণিজ্যিক এবং মাত্র ০.৮২ শতাংশ শিল্পের জন্য ব্যবহৃত হয়।TSECL-এর পরিচালনায় ১১২০ সার্কিট কিমি ১৩২ এবং ৬৬ কেভি এবং ২৬টি ১৩২/৬৬ কেভি সাবষ্টেশন আছে যার পরিবহন রূপান্তরিত ক্ষমতা ৭২১MVA-এর বেশি।রাজ্যের বর্তমান সর্বোচ্চ চাহিদা প্রায় ২৬৬মেগাওয়াট।ইহার প্রায় ৩১৪৮১ সার্কিট কিমি ৩৩কেভি,১১ কেভি হাই টেনশন এবং লো টেনশন(৪০০ ভোল্ট)লাইন ও তার সঙ্গে ৩৩/১১ কেভি এবং ১১/০.৪ কেভির ৯৮৬৩টি বিতরনকারী ট্রান্সফরমার আছে যা একত্রে ৭৯৯MVA-র অধিক পরিবহন( transformation) সম্পন্ন ক্ষমতা রাখে।
রাজ্যের নিজস্ব উৎপাদিত তিনটি স্টেশন থেকে ৯৩ মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন হয় (মিজোরামওমনিপুরেজন্য২০MW)।TSECL-এর নিজস্ব বরাদ্দ প্রায় ৮০মেগাওয়াট বিদ্যুৎ পালাটানা থেকে সংগ্রহ করে এবং অতিরিক্ত চাহিদার সময়কালে প্রায় ৬০ মেগাওয়াট বিদ্যুৎ উত্তর-পূর্ব গ্রিড থেকে আমদানি করা হয়।তারপরও প্রায় ৪০-৪৫ মেগাওয়াট ঘাটতি রয়ে যায়।কিন্তু শুধু মাত্র ঘাটতি মেটাবার প্রচেষ্টা চলছে না পাশাপাশি পর্যাপ্ত বিদ্যুৎ যোগান সুনিশ্চিত করে রাজ্যের অর্থনীতিকে চাঙ্গা করার চেষ্টা চলছে।-১(প্রথম দফায়)ত্রিপুরা রাজ্যের বিদ্যুৎ ব্যবস্হার বিস্তারও বৃদ্ধির জন্য প্রস্তাবিত উপপ্রকল্পর সংক্ষিপ্ত তথ্য,টেবিল-২ উপস্থাপন করা হয়েছে।

টেবিল-২: NERPSIPঅধিনস্ত প্রথমদফার উপপ্রকল্পর সংক্ষিপ্তসার

| **Sl. No.** ক্রমিক সংখ্যা | উপপ্রকল্পের নাম | সংখ্যা | অতিরিক্ত ক্ষমতারসংযোজন **(Ckt. Km/MVA)(CKT. KM / MVA)** | আনুমানিক খরচ(১০লক্ষটাকায়)* |
|---|---|---|---|---|
| 1. | 132 kV Transmission lines (New)<br>১৩২KVট্রান্সমিশনলাইন(নতুন) | ১১ | ৫০৩ Ckt.km. | ৬৯৭১.৫০ |
| 2 | 132/33kV substations (New/Augmentation)<br>১৩২/৩৩KV সাবষ্টেশন(নতুন/ Augmentation) | ১৬ | ১৩০৬ MVA | |
| 3. | 33 KV Distribution lines<br>(New Strengthening/Re-conductoring)<br>৩৩ KVবন্টনের লাইননতুনশক্তিশালীকরণ/পুনঃ তার পরিবর্তন | ৭২ | ১০৯৬ Ckt.km. | ৫৬১৫.৮০ |
| 4. | 33/11KV substations (New)<br>৩৩/১১কেভির সাব সাবষ্টেশননতুন সংযোজিত | **৩৪** | ৩৬ MVA | |

***কনসালটেন্সি ফি, আইডিসিএবংআনুষাঙ্গিকমিলিয়ে**

**স্টেকহোল্ডারদের(অংশীদারদের )বিশ্লেষণ**

১৬ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উপকৃত বা নেতিবাচক ভাবে প্রভাবিত হতে পারে অথবা এই প্রকল্পে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে এমন সকল স্টেকহোল্ডারদের(অংশীদারদের)চিহ্নিত করা ও বিশ্লেষণ করা হয় এবং পরিবেশ এবং সামাজিক বিষয়ে তাদের উদ্বেগ ও প্রত্যাশাকে বিশ্লেষণ করা হয়েছে।গ্রাম/পঞ্চায়েত স্তর থেকে জাতীয় স্তর পর্যন্ত বিভিন্ন পর্যায়ে প্রস্তাবিত প্রকল্প ঘিরে এই সমস্ত স্টেকহোল্ডারদের(অংশীদারদের) সমস্যা এবং প্রত্যাশা নথিভুক্ত করা হয়েছে এবং পরিবেশগত/সামাজিক বিষয় সম্পর্কিত বিস্তারিত আলোচনা হয়েছে এই সংক্রান্ত কিছু গুরুত্বপূর্ণ বিষয় নীচে তালিকাভুক্ত করা হয়েছেঃ

**১৭ পরিবেশসমস্যা.**

- অরণ্য,জাতীয় উদ্যান, অভয়ারণ্য,জৈব সঞ্চয় এবং জীববৈচিত্রের উপর প্রভাব,
- বর্জ্যে নেতিবাচক প্রভাব যেমন ব্যবহৃতই-বর্জ্য, উপচে পড়া তেল এবং, স্যানিটেশনর;
- পেশা সম্পর্কিত স্বাস্থ্য ও নিরাপত্তা,প্রকল্প রূপায়ণের সময় (শ্রমিক শিবিরে এইচআইভি/এইডস বিষয় সহ)প্রকল্পের কার্যকলাপ ও রক্ষণাবেক্ষণ কর্মসূচী;
- মাটিক্ষয় এবং ঢালের অস্থিরতা;
  - SF6 গ্যাস লাইনে নিঃস্বরণ এবং শক্তিশালী গ্রিনহাউস গ্যাস;
  - অন্যান্য প্রতিকূল পরিবেশগত সমস্যা.

১৮ সামাজিক এবং প্রতিষ্ঠানিক সমস্যা

- সাবস্টেশনের জন্য সুরক্ষিত জমি;
- নির্মাণকালে জমি,ফসল,গাছপালা,বনাঞ্চল এবং সম্পত্তির সাময়িক লোকসান;
- পরিকল্পনা তৈরি,বাস্তবায়ন এবং পরবর্তী পর্যায়ে সেগুলির পরিচালন এবং রক্ষনাবেক্ষনে সর্বসাধারণের অংশগ্রহন।
- স্বাস্থ্যএবংএইচআইভি/এইডস সহ নিরাপত্তার ঝুঁকি;
- উপজাতীয়/প্রান্তিক সমূহ;
- লিঙ্গবৈষম্য বা নারীদের অংশগ্রহণ; এবং
- অংশগ্রহণ এবং আন্তঃ সংস্থাগুলির সমন্বয়.

১৯

সামাজিক প্রভাব

এই অধ্যায়ে প্রস্তাবিত প্রকল্পের সম্ভাব্য সামাজিক প্রভাব চিহ্নিত করা হয়েছে এবং তাদের আনুমানিক প্রকৃতি, গুরুত্ব,ব্যাপ্তি এবং অবস্থানের,সময়কাল অনুসারে বিশ্লেষণ করা হয়।প্রকল্পের নকশা তৈরি(প্ল্যান)পর্যায়ে, নির্মাণ পর্যায়ে এবং প্রকল্প চালু পর্যায়ের পরে যে সমস্ত ইতিবাচক বা নেতিবাচক প্রভাব পড়তে পারে সেগুলিকে চিহ্নিত করা হয়েছে।

- ইতিবাচক প্রভাব

- কর্মসংস্থানের যোগান
- উন্নত বিদ্যুৎ সরবরাহের নির্ভরযোগ্যতা;
- বর্ধিত অর্থনৈতিক কার্যকলাপ
- উন্নত সড়ক পরিকাঠামো
    - লিঙ্গলিঙ্গবৈষম্য দূরীকরণ–প্রকল্পের নির্মাণকার্যের সময়কালে বেশি মাত্রায় মাহিলাদের কাজের সুযোগ শ্রমিকএবংখাদ্য সরবরাহকারী হিসাবে,ইত্যাদি প্রকল্প শিবিরের আসেপাশে
- জীবাশ্মজ্বালানি, কাঠকয়লা নির্ভরতা কমানো।
- দক্ষতা বৃদ্ধি.

i. নেতিবাচক প্রভাব

- জমিরক্ষতি
- ভূমি ব্যবহার এবং ভূমি অধিকার এর সীমাবদ্ধতা;
- স্বাস্থ্য এবং নিরাপত্তার ঝুঁকি সহ এইচআইভি/এইডস

**প্রভাবসমূহ - পরিবেশ**

২০ এই বিভাগে প্রস্তাবিত পরিবেশগত সম্ভাব্য ইতিবাচক এবং নেতিবাচক প্রভাব চিহ্নিত করা হয়ছে । এই সব প্রকল্পের নকশা পর্যায়ে, নির্মাণ পর্যায়ে,প্রকল্প চলাকালীন এবং বন্ধ হওয়ার যেকোনো পর্যায়ে এই প্রভাব গুলি পড়তে পারে।

**ইতিবাচকপ্রভাব**

- জীবাশ্মজ্বালানি, কাঠকয়লা নির্ভরতা কমানো।

i. নেতিবাচক প্রভাব

- গাছপালা/বনের ওপর প্রভাব
- বন্যপ্রাণীর আবাসস্থল এবং পরিযায়ী পাখির ওপর প্রভাব
- নিষ্কাশন, ভূমিক্ষয় জলসম্পদের উপর প্রভাব
- পরিবহনএবংসড়ক অবকাঠামোর উপর প্রভাব
- কঠিন/তরল বর্জ্য, উপচে পড়া তেলর থেকে প্রভাব
- ইলেকট্রিক এবং চৌম্বক ক্ষেত্রের প্রভাব
- বায়ুর গুণমান, শব্দ এবং কম্পন
- বায়ু মন্ডলে নিঃশ্বরিত SF6 গ্যাসের প্রভাব
- জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধির ওপর প্রভাব
- বিমান পরিবহন ও যোগাযোগ ব্যবস্থার উপর প্রভাব

.

এইসব সমস্যা ও প্রভাব মোকাবিলায় আঞ্চলিক, জাতীয় ও আন্তর্জাতিক আইন এবং নিয়ন্ত্রক নির্দেশিকা অনুসরণ করা হবে।

নীতি, আইনি এবং নিয়ন্ত্রক নির্দেশাবলী

২১ পরিবেশগত ও সামাজিক সমস্যার সমাধানের জন্য নির্ধারিত সাংবিধানিক সংস্থান,নীতি,আইণী, এবং নিয়ন্ত্রণ পরিকাঠামোর আওতার মধ্যে থেকে TSECL বিদ্যুৎ পরিবহন ও বন্টন ব্যবস্হার (৩৩ kV এবংতদুর্দ্ধ)জন্য প্রয়োজনীয় ব্যবস্হাগ্রহণ করে।উপরোক্ত,বহুপাক্ষিকসংস্থা দ্বারা নির্ধারিত পরিবেশ এবং সামাজিক বিষয়ের জন্য প্রস্তাবিত ব্যবস্থাগুলির প্রস্তাব সহকারে বিবেচনা করা হয়।

২২ ভারতের সংবিধান আনুসারে পরিবেশ সুরক্ষা উন্নতির জন্য মৌলিক দায়িত্ব যথাক্রমে ধারা৫১এ(জি) এবং ধারা ৪৮এর অধীন একটি রাষ্ট্র পরিচালনার নির্দেশাত্মক নীতি হিসাবে উপলব্ধ করা হয়। উচ্চন্যায়ালয়, তার এক্তিয়ারের অধীনে(Right to Life)ধারা২১ এর সুযোগ প্রসারিত করে পরিবেশের ওপর প্রভাবকে তার আওতাধীন করেছে।একইভাবে,সামাজিক সুরক্ষার বিভিন্ন বিষয়ে সংবিধানে প্রস্তাবনায় সন্নিবেশিত হয়েছে।যেমন

রয়েছে ন্যায়বিচার,অর্থনৈতিক,রাজনৈতিক;চিন্তাও মতপ্রকাশ,ভাবপ্রকাশ,বিশ্বাস,আস্থা;জাতির ঐক্য ও অখণ্ডতা রক্ষার মর্যাদা,সুযোগের সমতা ইত্যদি বিষয়গুলি।মৌলিক অধিকার এবং নির্দেশাত্মক নীতি জীবন এবং স্বাধীনতা অধিকার,নিশ্চিয়তা,স্বাস্থ্য, নিরাপত্ত ও জীবিকা এই বৃহত্তর কাঠামোর অংশ হিসেবে ব্যাখ্যা করা হয়েছে।সামাজিক সুরক্ষা বিষয়গুলি সংবিধানের১৪,১৫,১৭,২৩,২৪,২৫,৪৬,৩৩০,৩৩২, ইত্যাদি ধারায় অন্তর্ভুক্ত করা হয়ছে।

২৩ **ষষ্ঠতফসিল**:উপরোক্ত প্রাথমিক মৌলিক অধিকার ছাড়াও সংবিধানের ষষ্ঠতফসিল[ধারা২৪৪ (২) এবং ২৭৫ (১)]অধীনেউত্তর-পূর্ব অঞ্চলের উপজাতি এলাকাযর জন্য বিশেষ ব্যবস্থা সম্প্রসারিত হয়েছে।উপজাতি এলাকার সুরক্ষা এবং স্বশাসিত সত্বা, জেলা বা আঞ্চলিক পর্যায়ে সাংবিধানিক প্রতিষ্ঠানের মাধ্যমে উপজাতীয় অঞ্চলের জন্য সংরক্ষণ সুনিশ্চিত করছে । এইসব প্রতিষ্ঠানের ওপর উপজাতীয় সংস্কৃতির ও রীতিনীতি রক্ষা এবং উন্নয়ন কর্মরূপায়িত করার যৌথ কর্মভার ন্যস্ত করা হয়েছে।তদনুসারে,ত্রিপুরা পঞ্চায়েত আইন (Second Amendment) Act, ৯৯৮ of Principal Act,অনুযায়ী স্বায়ত্তশাসিত জেলা পরিষদকে (এডিসি)সরকার ও প্রশাসনের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে।

২৪ **পরিবেশ:**রাজ্যস্তরে TSECL জন্য আবশ্যিক পরিবেশগত ব্যবস্থা নেওয়ার প্রয়োজনীয়তা রয়েছে যার মধ্যে Electricity Act, 2003; GoT অধীনে ৬৮ (১) অধ্যায়;অরণ্য আইন(সংরক্ষণ)১৯৮০(Forest Conservation Act1980)এর অধীনে অরণ্য ছাড়পত্র; অর্থ কার্যক্রমের সময়কালে,ব্যাটারি উপর নিয়মকানুন(ম্যানেজমেন্টএবংহ্যান্ডলিং)ব্যবহৃত ব্যাটারি নিষ্পত্তি সংক্রান্তবিধি, ২০০১,(Regulations on Batteries (Management and handling) Rules, 2001)বর্জ্য ব্যবহৃত ট্রান্সফরমার তেল নিষ্পত্তি সংক্রান্ত(Management, Handling and Transboundary Movement) ,বিধি ২০০৮ ব্যবহৃত ট্রান্সফর্মার তেল ২০০৮ সংক্রান্ত নিষ্পত্তি, ওজোন(Ozone)(হ্রাসকারী পদার্থের (রেগুলেশনএবংনিয়ন্ত্রণ),বিধি,২০০১ ওজোন((Ozone)ক্ষয়কারী পদার্থ ব্যবহারের উপর বিধিনিষেধ স্থাপন বিধি, ২০০০ বলবত্ এবং ইলেকট্রনিক বর্জ্য রেকর্ড ও হ্যান্ডলিং বজায় রাখার সংক্রান্ত জীববৈচিত্র-বর্জ্যআইন, ২০০২ (ম্যানেজমেন্টএবংহ্যান্ডলিং) বিধি রুলস ২০১১ এর অধীন স্বেচ্ছাসেবী প্রয়োগ ও ব্যবস্থা প্রয়োজন, এবং নির্ধারিত উপজাতি ও অন্যান্য পরম্পরা গত বনবাসীদের(বনঅধিকারেরস্বীকৃতি)আইন, ২০০৬.

২৫,অরণ্য বন (সংরক্ষণ) আইন, ১৯৮০( Environmental Impact Assessment for transmission lines.)হল একটি মুখ্য আইন যার মাধ্যমে বর্তমানে বিদ্যুৎ পরিবহন সংক্রান্ত প্রকল্পের জন্য পরিবেশগত বিষয়ের মূল্যায়ন করা হয় কারন বর্তমান আইনে এটি বাধ্যতামূলক নয়। বনভূমিকে অন্যান্য অ-বন কাজের জন্য ব্যবহার করা হলে গৃহীত জমির দ্বিগুণ জায়গা জুড়ে সংশ্লিষ্ট রাজ্য বন বিভাগকে সম পূরক বনায়নের কাজ করতে হয়।এই কাজের জন্য জাতীয় তহবিল CAMPA তৈরি করা হয়েছে।যদি প্রকল্পের কাজ সংরক্ষিত বনভূমির ভেতর বা তার আশেপাশে সংঘটিত হয় তাহলে Wildlife Board এর ছাড়পত্রও নিতে হয়।যেখানে বিধিবব্ধ প্রয়োজন নেই সেখানেও TSECL নিজস্ব নীতি অনুসারে পরিবেশ প্রভাব বিশ্লেষণ করবে বলে সিদ্ধান্ত নিয়েছে।

২৬**সামাজিকঃ**রাজ্যস্তরে TSECL এর জন্য আবশ্যিক সামাজিক প্রয়োজনীয়তার মধ্যে রয়েছে যেকোনো অস্থায়ী ক্ষতির জন্য আইন, ২০০৩ এর ধারা ৬৭ ও ৬৮(৫ও৬) ক্ষতিপূরণ প্রদান।যদি সাবস্টেশন নির্মাণের জন্য কোন অনৈচ্ছিক ব্যক্তির কাছ থেকে জমি অধিগ্রহণ করা হয়,তাহলে তা ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন এবং পুনর্বাসনআইন, ২০১৩ (RFCTLARRA)'র' মধ্যে ন্যায্য ক্ষতিপূরণনের অধিকার সংস্থানের মৌলিক(স্বচ্ছতা)অধীনেপড়ে।১৯৪৯ সালের সংশোধিত Indian Treasure Trove আইন অনুযায়ী,আকস্মিক ভাবে খুঁজে পাওয়া সম্পদের ক্ষেত্রে কার্যকারী হয়।২০০৫ এর তথ্যের অধিকার আইন(আরটিআই)( The Right to Information Act, 2005)নাগরিকদের সরকারী নিয়ন্ত্রণে থাকা তথ্য জানার সুযোগ নিশ্চিত করে।

২৭ বিশ্বব্যাংকের (বিশ্বব্যাংক)কার্য পরিচালনার নীতি( Operational Policies OP)৪.০১,৪.০৪,৪.১১ও৪.৩৬ এবং এডিবি এর রক্ষাকবচ নীতি বিবরন ২০০৯(Safeguard Policy Statement 2009) বিভিন্ন উন্নয়ন মূলক প্রকল্পের পরিবেশগত বিশ্লেষণের (ইএ) জন্য পরিবেশ ও সামাজিক বিবেচ্য বিষয়ের নীতি ও পদ্ধতি রূপরেখা প্রদান করে।সমস্যা ও প্রভাবের উপর নির্ভর করে, প্রকল্পগুলিকে A, B, এবংC হিসেবে শ্রেণীকরণ করা হয়।বিশেষভাবে আলোকপাত করে A কে বড় এবং C কে ছোট হিসাবে অন্তভুতি করা হয়। A শ্রেণীভুক্ত প্রকল্পগুলির ক্ষেত্রে সর্বাধিক গুরুত্ব থাকে।একইভাবে উপজাতীয় মানুষ এবং অনৈচ্ছিক ব্যক্তিদের পুনর্বাসন সংক্রান্ত বিষয়টিও পরিচালনার জন্য পরিচালনার নীতি বা OP৪.১০ এবং ৪.১২অধ্যায়ে অন্তর্ভুক্ত করা হয়েছে।

২৮ RFCTLARR, ২০১৩,পুরানো ভূমি অধিগ্রহণ আইন ১৮৯৪( old Land Acquisition Act, 1894)বদলে প্রতিস্থাপিত হয়েছে এবং ২০১৪ ১লা জানুয়ারী থেকে বলবত্ হয়েছে।এই নতুন আইন অর্থাৎ RFCTLARRA,২০১৩ রাজ্য সরকার(অর্থাৎ GoT)বা তার অনুমোদিত সংস্থাগুলিকে ব্যক্তিগত জমি সনাক্তকরণ এবং তা অধিগ্রহণের পুরো প্রক্রিয়া সম্পন্ন করতে সামাজিক প্রভাব মূল্যায়ন (SIA),পুনর্বাসন পরিকল্পনা(R&R)এবং তার বাস্তবায়নের জন্য ক্ষমতা প্রদান করে।TSECL দায়িত্ব শুধুমাত্র প্রযুক্তিগত প্রয়োজনীয়তার অনুযায়ী জমি নির্বাচনে সাহায্য করা এবং বাজেট বরাদ্দ নিশ্চিত করা।

২৯ জমি অধিগ্রহণ বিরুদ্ধে সুরক্ষা; জমি অধিগ্রহন প্রক্রিয়াকে স্বচ্ছ ও সকলের অবগত করে তোলার লক্ষ্যে সামাজিক প্রভাব মূল্যায়ন (SIA)এবং এর মূল্যায়ন ফলাফল সকল স্টেকহোল্ডারদের সঙ্গে প্রকাশ্য শুনানির মাধ্যমে জানানো এই নতুন আইনের অধীনে বাধ্যতামূলক করা হয়েছে।এরসাথে ভূমি এবং সম্পদ উভয় প্রকার ক্ষতির জন্য প্রয়োজনীয় পুনর্বাসনের বিষয়টি এনটাইটেলমেন্ট প্যাকেজ অন্তর্ভুক্ত করা হয়েছে এছাড়াও সম্পর্কিত প্রতিটি ক্ষতিগ্রস্ত ব্যক্তির জন্য পৃথক প্যাকেজ তৈরি করা হয় এবং এই সংক্রান্ত নথিপত্র স্থানীয় প্রশাসন এবং ইন্টারনেটের মাধ্যমে জনসাধারনের মধ্যে ব্যক্ত করা হয়।

৩০ জমি অধিগ্রহণ প্রক্রিয়ার বিভিন্ন কার্যক্রমের জন্য নির্ধারিত সময়সূচী এবং রেখাচিত্রের মাধ্যমে চিত্র ১ দেখানো হয়েছে।জমি অধিগ্রহণের ফলে সবশ্রেণীর মানুষের জন্য যেকোন সম্পদ বা জীবিকার ক্ষয় ক্ষতিরপূরণে সহায়তা প্রদানের ক্ষেত্রে নির্ধারিত এনটাইটেলমেন্ট সংক্ষিপ্ত ভাবে নীচে টেবিল ৩ ও ৪ দেওয়া হল:

টেবিল3: ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে নূন্যতম ক্ষতিপূরণ

<table>
<tr><th colspan="2">ক; সর্বাঙ্গীণ ক্ষতিপূরণ প্যাকেজ(প্রথমসূচি)</th></tr>
<tr><th>এনটাইটেলমেন্টের যোগ্যতা</th><th>বিধানাবলী</th></tr>
<tr><td>ক্ষতিগ্রস্ত পরিবার<br>• জমির মালিকগন<br>১ পরিবার ও কোম্পানী যাদের জমি/অন্যান্য স্থাবর সম্পত্তি অধিগৃহীত হয়েছে;<br>২ বিভিন্ন স্কিমের অধীনে সরকার দ্বারা যাদের জমি বরাদ্দ করা হয়েছে;<br>৩ Forest Rights Act2006<br>বন আইনের অধীনে অধিকার প্রাপকেরা</td><td>ক্ষতিপূরণনির্ধারণ:<br>জমির বাজার মুল্য<br>• Indian Stamp Act 1899 অনুযায়ী বা<br>• একই গ্রাম বা সান্নিধ্যের মধ্যে অবস্থিত একই ধরণের জমির গড় বিক্রয় মূল্য,<br>বা<br>• প্রাইভেট কোম্পানি বা সরকারি-বেসরকারি অংশীদারিত্বের প্রকল্পের জন্য জমি অধিগ্রহণের ক্ষেত্রে সম্মতির ভিত্তিতে স্থির হওয়া ক্ষতিপূরণের পরিমাণ।<br>যেটা বেশী<br>বাজারমূল্য * গুনক (শুধুমাত্র গ্রামাঞ্চলে ১ থেকে ২ এর মধ্যে)(শহরঞ্চলের ক্ষেত্রে কোন গুণক নেই).<br>2.জমির সাথে সংযুক্ত সম্পদের মূল্য:<br>সংশ্লিষ্ট সরকারী কর্তৃপক্ষ দ্বারাবিল্ডিং/গাছ/কুয়া/শস্য ইত্যাদির মূল্যায়ন।<br>সর্বমোটক্ষতিপূরণ=১+২<br>৩ প্রতিশ্রুত ক্ষতিপূরণের ১০০ শতাংশ</td></tr>
<tr><td colspan="2">(*) রাজ্য সরকার দ্বারা সঠিক মাত্রায় নির্ধারিত হইবে.<br>শহুরে এলাকা থেকে দূরত্ব অনুসারে আইনে প্রদত্ত গুনকের ইঙ্গিত অনুযায়ী।</td></tr>
</table>

| **শহুরে এলাকা থেকে ব্যাসার্ধ দূরত্ব (কিমি)** | **মূল্যদানকারী ফ্যাক্টর** |
|---|---|
| ০-১০ | ১ |
| ১০-২০ | ১.২ |
| ২০-৩০ | ১.৪ |
| ৩০-৪০ | ১.৮০ |
| ৪০-৫০ | ২.০০ |

**টেবিল ৪: নূন্যতম আরআর R&Rএনটাইটেলমেন্ট কাঠামো**

| **পুনর্বাসনের জন্য নুন্যতম এনটাইটেলমেন্ট** | | |
|---|---|---|
| **Sl. No.** | **পুনর্বাসনের জন্য এনটাইটেলমেন্ট উপাদান সমূহ** | বিধানাবলী |
| **1.** | বাস্তুচ্যুতপরিবারেরজীবিকার জন্যঅনুদান /ভাতা | প্রতি পরিবার পিছু মাসে ৩০০০ টাকা বারো মাসের জন্য |
| **2.** | ক্ষতিগ্রস্ত পরিবারগুলির প্রাপ্যঃ | ক) প্রকল্পের মাধ্যমে কর্মসংস্থান তৈরি হলে যেখানে বাধ্যতামূলক ক্ষতিগ্রস্ত পরিবার পিছু একজন সদস্যের জন্য কাজের ব্যবস্থা, করা হবে<br>খ) প্রতি পরিবার পিছু ৫ লাখ টাকা<br>গ) মুদ্রাস্ফীতির যথাযথ সূচক অনুযায়ী প্রতি পরিবারের জন্য প্রতি মাসে ২০০০ টাকা হিসাবে ২০বছরের জন্য বার্ষিক প্রাপ্য হিসাবে;<br>**বিকল্প (ক) বা (খ) বা (গ) ক্ষতিগ্রস্তপরিবারেরক্ষেত্রে লাঘু হবে।** |
| **3.** | স্থানচ্যুতির ক্ষেত্রে বাসস্থানের ব্যবস্থা:<br>i) ক্ষতিগ্রস্ত বাড়িটি যদি গ্রামাঞ্চলে হয়<br>ii) ক্ষতিগ্রস্ত বাড়িটি যদি শহরাঞ্চলে হয় | i)<br>ইন্দিরা আবাস যোজনায় উল্লেখিত গুনমান অনুসারে একটি নির্মিত গৃহ প্রদান করা হবে.<br>ii)<br>নির্মিত গৃহ প্রদান করা হবে যেটির ভিত নুন্যতম ৫০বর্গ.মিঃ নিচে হবে না।<br>ii) উভয় ক্ষেত্রেই ক্ষতিগ্রস্ত পরিবারের পছন্দ অনুযায়ী নির্মিত গৃহের সমমূল্যের খরচ নগদ টাকায় প্রদান করা যেতে পারে।<br>ক্ষতিগ্রস্ত পরিবরের জন্য বরাদ্দ বাড়ির নিবন্ধনের জন্য প্রদেয় স্ট্যাম্প শুল্ক ও অন্যান্য খরচ সংশ্লিষ্ট সংস্থা বহন করবে। |
| 4. | বাস্তুচ্যুত পরিবারের পরিবহন খরচ | প্রতি পারিবার পিছু এককালীন ৫০,০০০ টাকা |
| 5. | পুনর্বাসনের ভাতা( বাস্তুচ্যুত পরিবারের জন্য) | প্রতি পারিবার পিছু এককালীন ৫০.০০০ টাকা |
| 6. | গবাদি পশু আশ্রয় ও ছোট | নির্মাণের জন্য রাজ্য সরকার দ্বারা নির্ধারিত যথাযথ আর্থিক |

| পুনর্বাসনের জন্য নুন্যতম এনটাইটেলমেন্ট | | |
|---|---|---|
| **Sl. No.** | **পুনর্বাসনের জন্য এনটাইটেলমেন্ট উপাদান সমূহ** | বিধানাবলী |
| | দোকানের জন্য সাহায্য | সহায়তা যা এককালীন নুন্যতম ২৫,০০০ টাকা। |
| 7. | কারিগর/ছোটব্যবসায়ী /অন্যান্য (স্থানচ্যুতিরক্ষেত্রে) | রাজ্য সরকার দ্বারা নির্ধারিত যথাযথ আর্থিক সহায়তা যা এককালীন নুন্যতম ২৫,০০০ টাকা। |

তফশিলি জাতি ও উপজাতিদের জন্য বিশেষ বিধানবলীঃ পুনর্বাসন প্যাকেজ ছাড়াও, তফশিলি জাতি ও উপজাতিদের জন্য নিম্নলিখিত অতিরিক্ত সাহায্য দেওয়া হবে:

১ পরিবার পিছু এককালীন ৫০,০০০ টাকা সাহায়তা

২ যদি পরিবারগুলি জেলার বাইরে বসতি স্থাপন করে তবে অতিরিক্ত ২৫% সুবিধা পাবে;

৩ প্রারম্ভেই ক্ষতিপূরণের পরিমাণের এক তৃতীয়াংশ অর্থপ্রদান;


৪ ওই অঞ্চলের একই ব্লকে স্থানান্তর ও পুনর্বাসন ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া;

৫ সামাজিক অনুষ্ঠান ইত্যাদিতে একত্রিত হওয়ার জন্য বিনামূল্যে জমি;

৬ স্থানান্তরিত হওয়ার ক্ষেত্রে,একটি উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত করা হবে

পুনর্বাসন এলাকায় পঞ্চম ও ষষ্ঠ তফশিলের সংরক্ষণ এবং সুবিধাগুলির ধারাবাহিকতা বজায় রাখা হবে।

**FIGURE 1: ACTIVITY CHART RFCTLARRA, 2013**




প্রকল্পবৃত্ত – পরিবেশ ও সামাজিক সমস্যা / উদ্বেগ এবং প্রশমন পদক্ষেপ একত্রীভূত করা ৩১ স্টেকহোল্ডারদের ( অংশীদারদের ) বিশ্লেষণ এবং প্রভাব মূল্যায়ন সমস্যা চিহ্নিত কার্যোপযোগী হয়েছে। প্রকল্প বৃত্তের মধ্যে পরিচালন ব্যবস্থার আহরণ ও নির্দেশনার জন্য একই পদ্ধতি স্থাপন করা হয়ছে

১ প্রকল্পের কল্পিত বিষয়

২ প্রকল্প পরিকল্পনা

৩ অনুমোদন

৪ বিস্তারিত নকশা এবং দরপত্র আহ্বান

৫ প্রকল্প বাস্তবায়ন

৬ অপারেশন ও রক্ষণাবেক্ষণ

৭ পর্যালোচনা এবং পর্যবেক্ষণ ও মূল্যায়ন.

**পরিবেশগত ও সামাজিকউদ্বেগ**

৩২ **পরিবেশগতউদ্বেগ**

- রাইট অফ ওয়ের মধ্যে গাছ কাটা পরিষ্কার / ছাঁটা
- যন্ত্রপাতি অপসরণের জন্য গাছপালা ও মাটির সাথে সংলগ্ন উদ্ভিদ কাটা ও পরিষ্কার করা
- ব্যবহৃত ট্রান্সফরমার তেলের বর্জন
- ব্যবহৃত ব্যাটারির বর্জন;
- ই-বর্জ্যর নিষ্পত্তি; এবং
- SF6 গ্যাসের নিঃসরণ

৩৩ **সামাজিকউদ্বেগ**

- পাকা ফসলের ক্ষতি
- জমির দাম পরিবর্তন ;
- সর্বজনীনসম্পত্তি ব্যবহারে সাময়িক বাধা;
- জমি ব্যবহারের উপর সীমাবদ্ধতা;
- কৃষি জমি অধিগ্রহণ কারণে ব্যক্তিগত জীবিকার ক্ষতি;
- রাজস্ব জমিঅধিগ্রহণের ফলে সর্বজনীন সম্পত্তির ক্ষয় এবং
- বসতবাড়িররক্ষতি, যদি থাকে.

৩৪ সামাজিক ও পরিবেশ বিষয়ে সমস্যা ও উদ্বেগগুলি নিরসন করতে গৃহীত পদক্ষেপ গ্রহন করবে,যথাক্রমে টেবিল৫ এবং ৬ উপস্থাপন করা হল।

**Table 5:** সামাজিক পরিচালনা ব্যবস্থা

| No | সম্ভাব্যবিষয় | পরিচালনা ব্যবস্থা |
|---|---|---|
| 1 | জমির ক্ষতি | প্রথম পর্যায়ের জন্য, এটি কোনো সমস্যা নয় কারন উপ-কেন্দ্র(substations)নির্মাণের জন্য TSCEL এর কাছে প্রয়োজনীয় জমি আছে এবং কোন জমি অধিগ্রহণ করা হবেনা। |
| 2 | টাওয়ার/খুঁটি বসানোর জন্য জমির ব্যবহারের পরিবর্তন এবং জনসংখ্যা স্থানান্তর | বর্তমান আইন অনুযায়ী,টাওয়ার/খুঁটির জন্য অধিগ্রহন করা জমিতে নির্মাণ কার্যের পর কৃষিকাজ চলতে দেওয়া হয় এবং TSECL টাওয়ার নীচের জমিতে নির্মানের দরুন ক্ষতিপূরণ বহন করে এবং বিনা অধিগ্রহণেই যার মধ্যে ব্যবহৃত জমির দামও ধরা থাকে।তাই এই প্রকল্পে জমি ব্যবহারের পরিবর্তন এবং তদ্দজনিত কোনও মানুষের স্থানান্তরিত হওয়ার প্রস্তাব নেই। |
| 3 | সাবস্টেশন এর জন্য জমির ব্যবহারের পরিবর্তন এবং জনসংখ্যা স্থানান্তর | সাবস্টেশন তৈরির জন্য প্রয়োজনীয় ছোট জমির ক্ষেত্রেTSECL জনবহুল স্থানগুলিকে সম্পূর্ণরূপে এড়িয়ে যায় এবং সেক্ষেত্রে মানুষজনকে স্থানান্তরিত করার প্রয়োজন পড়ে না।উপরোক্ত প্রথম পর্যায়ের কাজের জন্য এই জাতীয় জমি যথেষ্ট পরিমানে মজুত আছে এবং নতুন করে প্রকল্পের জন্য জমি অধিগ্রহণের পরিকল্পনা নেই, তাই এই ধরনের কোন সমস্যা প্রত্যাশিত নয়। |
| | | যদিও এই প্রকল্প এবং অন্যান্য অর্থ সাহায্য পুষ্ট পরবর্তী বিনিয়োগের জন্য প্রয়োজনীয় জমির জোগান একটি সমস্যা হতে পারে এই কথা মাথায় রেখে, জমি অধিগ্রহন করা হতে পারে এবং তা তিনটি পদ্ধতি অনুসরণের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে;<br>ক)ইচ্ছুক ক্রেতা ও ইচ্ছুক বিক্রেতাদের দর কষাকষির ভিত্তিতে নির্ধারিত দামে জমি ক্রয়;<br>খ) স্বেচ্ছাকৃত অনুদান এবং<br>গ)অনিচ্ছুক ব্যক্তির জমি অধিগ্রহণ<br>যদি ব্যক্তিগত ক্রয়ের মাধ্যমে জমি অধিগ্রহন করা হয়,TSECL নিশ্চিত করবে যে জমির জন্য ক্ষতিপূরণ/দামযেন নতুন জমি অধিগ্রহণআইন, ২০১৩এর প্রদত্ত হারের কম না হয় । এটি করার জন্য TSECL একটি সচেতনতা শিবিরের আয়োজন করতে পারে যেখানে নতুন আইন অনুযায়ী ক্ষতিপূরণ হিসাব করার ভিত্তি এবং পদ্ধতি জমির মালিককে বিশদভাবে বুঝিয়ে দেওয়া হবে।<br>স্বেচ্ছায় জমিদানের ক্ষেত্রে, নিম্নলিখিত ব্যবস্থা নিশ্চিত করা হবে |

| No | সম্ভাব্যবিষয় | পরিচালনা ব্যবস্থা |
|---|---|---|
| | | জমি ব্যবহারকারীদের অযথা জমির বিভাজনের জন্য চাপ দেওয়া যাবে না। জমি অধিগ্রহণের ফলে কোন রকম স্থানচ্যুতি এড়ানোর জন্য সমস্ত রকম প্রচেষ্টা করতে হবে; TSECL ব্যবহৃত জমিদাতাদের কাছে'কৃতজ্ঞতা' জ্ঞাপনকরে তাদের দানকে আনুষ্ঠানিক স্বীকৃতি দেবে। এই পুরো প্রক্রিয়াটি যথার্থ নথিভুক্ত করা হবে এবং প্রয়োজনীয় আইনি স্বার্থ রক্ষা করার জন্য নজরদারির ব্যবস্থা থাকবে। সমস্ত জমি দান(এবং ক্রয়)Implementing Agencies ও ত্রিপুরা সরকারের এবং বিভিন্ন বিভাগের প্রতিনিধিদের নিয়ে গঠিত একটি কমিটির মাধ্যমে পর্যালোচনা/অনুমোদন সাপেক্ষে হতে হবে। অনিচ্ছাকৃত জমি অধিগ্রহন ভারত সরকারের নতুন আইন RFCTLARR ২০১৩ অনুযায়ী করা হবে। |
| 4 | Right of Way | টাওয়ার এবং খুঁটির জন্য সাধারণত জমি অধিগ্রহণ করা হয় না এবং কৃষিকাজ অব্যাহত থাকতে পারে।যদি, প্রকল্পের কাজ সঞ্চালনের সময় কোনো ব্যক্তি/সম্প্রদায় ক্ষতিগ্রস্ত হয় তারজন্য প্রকল্প তাদের পূর্ণ ক্ষতিপূরণ দেবে। তার জন্য TSECLরাজ্য সরকার এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তি/সম্প্রদায়ের সঙ্গে আলোচনা করে সাময়িক ক্ষতি লাঘব করে ক্ষতিপূরণ দেওয়ার জন্য Compensation Plan for Temporary Damage (CPTD)প্রণয়নকরেছে। |
| 5 | উপজাতিদের উপর প্রভাব | ২০১১ জনগণনা অনুসারে রাজ্যের মোট জনসংখ্যা ৩৬,৭১,০৩২ মধ্যে প্রায় ৩১.১৩ শতাংশ উপজাতি সম্প্রদায়।উপজাতি জনগোষ্ঠীর মধ্যে১৯ টি উপ-উপজাতি গোষ্ঠী আছে তাদের নিজস্ব সাংস্কৃতিক পরিচয় নিয়ে।প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে ত্রিপুরার উপজাতি অধ্যুষিত অঞ্চলে(ভারত সরকারের ষষ্ঠ তফশিল বিধান)এবং আশাকরা হচ্ছে বেশিরভাগ উপভোক্তা উপজাতি হবে।সুতরাং OP 4.10 অনুযায়ী এই প্রকল্পের জন্য একটি পৃথক উপজাতীয় জনগণের জন্য উন্নয়ন কাঠামো / পরিকল্পনা (TPDP ) তৈরি করা বাধ্যতামূলক নয়।যদিও ষষ্ঠ তফশিল বিধান অনুযায়ী TTAADC র পূর্বসম্মতি নেওয়া প্রয়োজন যারা গ্রাম পরিষদের সাথে বিষয়টি |

| No | সম্ভাব্যবিষয় | পরিচালনা ব্যবস্থা |
|---|---|---|
| | | নিয়ে আলোচনা করে প্রয়োজনী অনুমতি আদায় করবে।উপরন্তু RFCTLARR২০১৩ তে আদিবাসী উন্নয়ন কাঠামো এবং উপজাতীয় উন্নয়ন পরিকল্পনা ,সন্নিবেশিত করা হয়েছে যা আদিবাসী এলাকায় এই পদ্ধতিকে বাধ্যতামূলক করে এবং উপজাতীয় মানুষের জন্য উন্নতর এনটাইটেলমেন্টের( বিশেষ অধিকার)সুনিশ্চিত করে। |
| 6 | লিংঙ্গ বৈষম্য/মহিলাদেরঅংশগ্রহণ | প্রকল্পের প্রস্তুতি ও বাস্তবায়নের সময় মহিলাদের অংশগ্রহণ সুনিশ্চিত করতে বিভিন্ন দল ও গোষ্ঠীর সাথে আলোচনার মাধ্যমে পরিকল্পনা করা হবে। |
| 7 | নির্মানকালের সময় প্রণোদিত অন্যান্য উন্নয়নমূলক কাজ | TSECLর কর্মকাণ্ড স্বল্পস্থায়ী এবং নির্মানের সময় অন্য কোন উন্নয়নের কাজ করা হয় না। |
| 8 | কর্মী,কর্মচারী এবং সম্প্রদায়ের জন্য স্বাস্থ্য ও নিরাপত্তা | নির্মাণের সময় শ্রমিক এবং নিকটবর্তী মানুষেরা যাতে স্বাস্থ্য ও নিরাপত্তা জনিত কোনো বিপদের সম্মুখীন না হয় তার জন্য TSECL একটি নিরাপত্তা পরিকল্পনা তৈরি রাখে যা অনুসরণ করে ঠিকাদারেরা সর্বোত্তম প্রযুক্তি ব্যবহার করে স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত নিয়ম/নির্দেশিকা মেনে চলে। |
| 9 | খননকার্যের সময় পুরাতাত্বিক এবং সম্ভাব্য বস্তুর অনুসন্ধান এবং আবিষ্কার | এই প্রকল্পে খুবই সামান্য এবং অগভীর খনন কার্য হবে তাই এজাতীয় সম্ভাবনা খুবই ক্ষীণ। তবু কোন কারনে এই পরিস্থিতির সম্মুখিন হলে TSECL ভারতীয় গুপ্তধন আইন, 1878,1949এ সংশোধিত এর ধারা ৪ (Section-4 of Indian Treasure Trove Act, 1878 as amended in1949)অনুযায়ী ব্যবস্থা নেবে। |

**Table 6: পরিবেশব্যবস্থাপনারপদক্ষেপ**

| No | Potential Issues | Management Measures |
|---|---|---|
| A | প্রাকৃতিক বনাঞ্চলের উপর বিরূপ প্রভাব হ্রাস করা | জিআইএস /জিপিএস এবং অন্যান্য আধুনিক কৌশলগত সরঞ্জাম ব্যবহার সহ রুট অপ্টিমাইজেশানর মাধ্যমে বন ও অন্যান্য পরিবেশগত সংবেদনশীল এবং স্পর্শকাতর অঞ্চলের বিরূপ প্রভাব |

| No | Potential Issues | Management Measures |
|---|---|---|
| | | হ্রাস করতে TSECL সর্বদা সচেষ্ট থাকবে। |
| | গাছছাঁটা | বর্ধিত/বিশেষ টাওয়ার ব্যবহার করে RoW কম করা হবে এবং গাছের উপর প্রভাব কমানো হবে। |
| | ▪ গাছপালার ক্ষতি<br>▪ বাসস্থানের ক্ষতি | গাছপালা এবং বাসস্থানের ক্ষতি কমানোর জন্য, বন ও কৃষিজমির মধ্যে TSECL টাওয়ারের যন্ত্রাংশ পরিবহনে এবং সরানোর কাজে যথাসম্ভব মানবিক শ্রমের ব্যবহার করবে। |
| | বাসস্থানের বিভাজনে<br>উদ্ভিদ ও প্রানিজগতের উপর প্রভাব | TSECL পরিচালন ও রক্ষণাবেক্ষণ এর জন্য শুধুমাত্র একটি 3m চওড়া জমি বজায় রাখবে এবং আরও একটি/দুটি অনুরূপ ফালি জমি পরিবহন লাইনের নীচে রাখবে যেগুলিতে পুনরায় গাছপালা জন্মাতে পারে এবং বাসস্থানের বিভাজন এবং অন্যান্য প্রান্ত প্রভাব এড়ানো যাবে। পাহাড়ি অঞ্চলে এই প্রক্রিয়া সম্ভবত সম্পূর্ণভাবে এড়ানো যাবে. |
| | বৈদ্যুতিক খুঁটির কারণে হাতির ক্ষেত্রে দুর্ঘটনা জনিত সম্ভাবনা | ত্রিপুরায় এরকম কোন হাতির করিডোর নেই,কিন্তু কখনও কখনও বাংলাদেশ থেকে বিপথগামী হয়ে গোমতী নদীর কাছে এরা চলে আসে। তবেযদি প্রয়োজন হয় TSECL চেষ্টা করবে 33kV লাইনের জন্য উপযুক্ত নকশা পরিবর্তন করতে,যাতে spike guard ও কাঁটাতারের বেড়ার মত ব্যবস্থা নিতে পারে। |
| B | রক্ষণাবেক্ষণ প্রক্রিয়া থেকে রাসায়নিক দূষণ | TSECL does not use chemicals for forest clearance/ RoW maintenance.<br>TSECL বনাঞ্চল পরিষ্কার/ RoW রক্ষণাবেক্ষণের জন্য রাসায়নিক ব্যবহার করে না। |
| | বৈদ্যুতিক সরঞ্জামের পলি-ক্লোরো-Biphenyls | TSECL বৈদ্যুতিক সরঞ্জামে খনিজ তেল ব্যবহার করে।দরপত্রে 2 মিলিগ্রাম / কেজি (সনাক্ত করা সম্ভব নয় এমন মাত্রায়) কমের |

| No | Potential Issues | Management Measures |
|---|---|---|
| | (পিসিবি).থেকে দূষণ | পিসিবি যুক্ত তেল ব্যবহার উল্লেখিত আছে। |
| C | টাওয়ার/স্তম্ভের জন্য জমির ব্যবহারে পরিবর্তন এবং জনসংখ্যার স্থানান্তর। | TSECL বিদ্যুৎ পরিবহন টাওয়ার/স্তম্ভের জন্য জমি অধিগ্রহণ করে না।উপরন্তু কর্মকাণ্ডের ফলে ফসলের ক্ষতি এবং অন্যান্য ক্ষয়ক্ষতির জন্য ক্ষতিপূরণ প্রদান করে।এছাড়াও টাওয়ার এর আশেপাশে,পরিবহন লাইন এর নীচে চাষ-আবাদের অনুমতি ও দেয়। |
| | নির্মাণের সময় প্রণোদিত আনুষঙ্গিক উন্নয়ন | TSECL কাজকর্ম হল স্বল্পকালস্থায়ী এবং নির্মাণের সময় প্রণোদিত আনুষঙ্গিক উন্নয়ন হয় না। |
| | পাহাড়ি এলাকায় কাটা ও ভরাট করা ঢাল বরাবর মাটি এবং নিকশির ক্ষয় | যেখানেই সম্ভব TSECL বিদ্যুৎ পরিবহন এবং বন্টন লাইনের সকল কাটা ও ভরাট করা ঢাল পর্যাপ্ত রূপে সুরক্ষিত করবে এবং এর জন্য উন্নত প্রযুক্তি ও জৈব প্রকৌশলের ব্যবহার করবে।সাবস্টেশনের ভেতর এবং আশেপাশে সকল নিকাশি প্রণালীকে প্রধান বা বর্তমান নিষ্কাশন ব্যবস্থার সাথে যুক্ত করা হবে যাতে অনিয়ন্ত্রিত জলপ্রবাহ রোধ করে ভূমি ক্ষয় এড়ানো যায়। |
| D | পরিবহন/বন্টন লাইন এবং টাওয়ার থেকে পাখিদের উড়ানের ঝুঁকি | মূলতঃপরিযায়ী পাখিদের উড়ানের পথে, তাদের বাসা বাঁধার জায়গায় এবং অভয়ারণ্য এলাকায় পাখিরা উড়ানের সময় এই ঝুঁকির সম্মুখীন হয়।যদিও বিদ্যুৎ পরিবাহীর স্তম্ভগুলির অন্তর্বর্তী দূরত্বর কারণে পাখিদের উড়ানের ঝুঁকির ঘটনা বিরল। TSECL রুট নির্বাচনে সতর্কতা অবলম্বন করে এই এলাকায় এজাতীয় ঝুঁকির ঘটনা এড়াতে সমস্ত সম্ভাব্য সতর্কতা গ্রহণ করবে।এছাড়াও বার্ড গার্ডএর ও ব্যবস্থা করবে। |
| | বিদ্যুৎ পরিবহন লাইন এবং স্তম্ভর থেকে বিমানের ঝুঁকি | IS ৫৬১৩ জুলাই'৯৪ এর প্রয়োজন হিসাবে ঘোষিত/ নির্বাচিত এলাকায় রাতে টাওয়ারগুলিকে সহজে বিমান থেকে সনাক্ত করার জন্য TSECL উপযুক্ত মার্কার এবং আলোর ব্যবস্থা করবে। |

| No | Potential Issues | Management Measures |
|---|---|---|
| | | |
| | শ্রমিক/কর্মচারী/ কমিউনিটির স্বাস্থ্য ও নিরাপত্তা | নির্মাণের সময় শ্রমিক/কর্মচারী/ কমিউনিটির স্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষার জন্য ঠিকাদার প্রয়োজনীয় নিয়ম/ নির্দেশিকা পালন করবে।TSECLলাইনের জন্য উপলব্ধ সর্বোত্তম প্রযুক্তি ব্যবহার করে যাতে তা স্বাস্থ্য ও নিরাপত্তায় কোনো ঝুঁকির সৃষ্টি না করে। |
| | অগ্নিসংক্রান্তঝুঁকি | অগ্নি সংক্রান্ত ঝুঁকি বেশীরভাগ সময় বনাঞ্চলে ঘটে।যদিও,TSECLবিদ্যুৎ পরিবহন/বন্টন এবং সাবস্টেশনে আগুনের বিপদ প্রতিরোধ করার জন্য অত্যন্ত দক্ষতা সম্পন্ন স্বয়ংক্রিয় বিদ্যুত সংযোগ বিচ্ছিন্নকরনের প্রক্রিয়া ব্যবহার করে যা সেকেন্ডের ভগ্নাংশের মধ্যে লাইন সংযোগ বিচ্ছিন্ন করে বিপদ এড়ায়।তৎসহ বন দফতরও আগাম সতর্কতা নেয় এবং নজর রাখে যাতে অগ্নি সংক্রান্ত ঝুঁকি এড়ানো যায়। |
| | | অগ্নি নির্বাপক যন্ত্রগুলিকে যথাস্থানে রেখে দেওয়া হয় যাতে প্রয়োজনে তাৎক্ষনিক ভাবে তাকে ব্যবহার করা যায়। |
| | দূষণ | যদিও বিদ্যুৎ পরিবহন এবং বন্টন প্রকল্পে দূষণের ক্ষেত্রে কোন সমস্যা নেই তবুও TSECL এটিকে আরও হ্রাস করতে সচেষ্ট হবে।নির্মাণ স্থানে দূষণের প্রভাব এড়াতে সমস্ত উদবৃও উপকরণ/যন্ত্রাংশ এবং বর্জ্য সর্বদা পরিষ্কার করা হবে। |
| | GHG (SF6 গ্যাস) | SF6 গ্যাস লিকেজ একটি প্রধান সমস্যা না হলেও, TSECLসার্কিট ব্রেকারস নিয়মিত পর্যবেক্ষণ করবে এবংলিক ডিটেক্টর ব্যবহার করে এই গ্যাস লিকেজ কমাতে সচেষ্ট থাকবে। |

৩৫ সম্ভাব্য পরিবেশগত ও সামাজিক বিষয়/সমস্যা এবং তাদের নিরসনে গৃহীত পরিচালন ব্যবস্থা একটি EMPতে বর্ণনা করা হয়েছে, যার একটি নমুনা সংক্ষিপ্ত পরিশিষ্ট( Annex) তে আছে এবং এটি প্রকল্পর

কার্যকালে প্রয়োগ করা হবে। EMP তে উল্লিখিত অনেক বিধানাবলীর বাস্তবায়ন যেহেতু ঠিকাদার দ্বারা সম্পন্ন হবে তাই পর্যবেক্ষণ নিশ্চিত করার জন্য, EMPটি চুক্তির একটি অবিচ্ছেদ্দ অংশ।

**TSECL'**–এর পরিবেশ এবং সামাজিক নীতি বিবৃতি

৩৬ TSECL একটি সর্বাত্মক পরিবেশ ও সামাজিক ((E&S)) ব্যবস্থাপনা পদ্ধতি তৈরি করেছে এবং একে প্রকল্পের আবর্তে অন্তর্ভুক্ত করেছে যার ব্যবহারের দ্বারা প্রতিকূল পরিবেশ ও সামাজিক প্রভাবগুলিকে লাঘব করা যাবে। E&S ব্যবস্থাপনা প্রকল্পের প্রাথমিক পর্যায়ে প্রাসঙ্গিক সমস্যাগুলিকে চিহ্নিত করবে এবং সর্বদা পরিহার, হ্রাস এবং প্রশমন নীতির মৌলিক দর্শন অনুসরণ করে সুস্থায়ী উন্নয়নে সচেষ্ট হবে।প্রকল্পর প্রাক্কালেই এই তিনটি পথনির্দেশক নীতিকে সংযুক্ত করা হয়েছে।প্রকল্পর রূপরেখা ও পরিকল্পনা পর্যায়ে লাইন তৈরির জন্য সর্বাপেক্ষা উপযুক্ত পথ নির্বাচনের জন্য তুলনামূলক অধ্যয়ন করা হয়েছে যাতে বন/ জীববৈচিত্র্য/সংবেদনশীলঅঞ্চল/পশু এবং পাখিদের চলাচলের রাস্তা /সংরক্ষিত এলাকা/ মানুষের বাসস্থান যথাসম্ভব এড়ানো যায়। প্রয়োজনে উঁচুটাওয়ার/স্তম্ভ প্রদান করা যাতে এই সমস্যা গুলিকে যথাসম্ভব হ্রাস/এড়ানো যায়।যদি তরঙ্গায়িত পাহাড়ি রাস্তা ইত্যাদি অনিবার্য কারনে লাইনরুট এড়ানো না যায় এবং তা যদি সংরক্ষিত অঞ্চলের মধ্যে দিয়ে যায় তাহলে একটি স্বাধীন সংস্থাদ্বারা পুনরায় এবং বিশদে নেতিবাচক প্রভাব মূল্যায়ন করানো হবে যাতে উপযুক্ত পরিচালন ব্যবস্থা গ্রহণের মাধ্যমে এই প্রভাব হ্রাস এবং প্রশমিত করা যায়। এই কাজের জন্য একটি Terms of Reference (ToR),মূল প্রতিবেদনের সংযোজনী-১৯ এ দেওয়া হল যা বিশেষ পরিস্থিতির উপর/অবস্থানের এবং সমস্যার ভিত্তিতে পরিবর্তন করে ব্যবহার করা যেতে পারে।

৩৭ অনুরূপভাবে,জমিরজন্যTSECLসংগৃহীত তথ্যের উপর ভিত্তি করে সর্বাত্মক বিশ্লেষণ অনুযায়ী সম্ভাব্য সাবষ্টেশনের স্থানের সংখ্যা স্থির করে (মূল প্রতিবেদনসংযোজনী-15) এবং প্রতিটি উপযুক্ত বিকল্প জমির জন্য বিস্তারিত বিশ্লেষণ করে।সুনির্দিষ্ট মাপকাঠির ভিত্তিতে এবং সেগুলির উপর উপযুক্ত গুরুত্ব আরোপ করা হয়ঃ

সড়ক সংযোগ ,রেল পরিবহন ব্যবস্থা


জমির প্রকৃতি,উদাহরণস্বরূপ সরকারী,রাজস্ব জমি,ব্যক্তিগত জমি,কৃষি জমি;

সামাজিক প্রভাব যেমন ক্ষতিগ্রস্ত পরিবারের সংখ্যা

আর্থিক ক্ষতিপূরণ প্রদান ও পুনর্বাসনের খরচ

প্রকল্প বৃত্তের সঙ্গে সম্পৃক্ত পরিবেশ এবং ব্যবস্থাপনা প্রক্রিয়ার যথাযথ এবং সময়োপযোগী রূপায়নের রূপরেখা চিত্র 2 দেওয়া হয়েছে।

**Figure – 2: Environment and Social Management Procedures**



## ৩৮ পরিবেশগত ও সামাজিক ঝুঁকির মূল্যায়ন

পরিবেশগত ও সামাজিক ঝুঁকির মূল্যায়ন হল TSECL এর পরিবেশ ও সামাজিক ব্যবস্থার গুরুত্বপূর্ণ অংশ। এই মূল্যায়ন প্রক্রিয়া বিদ্যুৎ পরিবহন এবং বন্টন প্রকল্পের সঙ্গে সংশ্লিষ্ট বর্তমানে উপস্থিত ঝুঁকিগুলীকে চিহ্নিত করে এবং ভবিষ্যতের সম্ভাব্য ঝুঁকির পূর্বাভাস দেয়।এটি একটি বৈজ্ঞানিক প্রক্রিয়া যাতে বিনিয়োগ মূল্য-প্রাপ্ত সুবিধা বিশ্লেষণও করা হয়। TSECL এর দ্বারা প্রস্তুত এই উন্নত পরিবেশ এবং সামাজিক পরিচালনার জন্য ঝুঁকির মূল্যায়নের পদ্ধতি উভয় গুণগত এবং পরিমাণগত মান বিচার করে এবং তাদের অগ্রাধিকার ঠিক করে। একই ভাবে এই অগ্রাধিকারের ভিত্তিতেই বিকল্প পরিচালন ব্যবস্থাও গৃহীত হয়।TSECL এর ঝুঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়ায় ঝুঁকির জন্য প্রস্তুতি,ঝুঁকি প্রশমন এবং দায়ভারের বন্টন(আভ্যন্তরীণ ব্যবস্থা এবং বীমার মাধ্যমে) জড়িত থাকে।ঝুঁকির ক্ষেত্রে দায়িত্ব বন্টনের রূপরেখা টেবিল 7 এ উপস্থাপিত করা হয়েছে।

**Table 7:**

TSECL এর ঝুঁকি নিরসনের দায়িত্ব ও বন্টনের পরিকাঠামো

| Risk | Government of Tripura (GoT)ত্রিপুরা সরকার | TSECL | Contractor ঠিকাদার | Insurers বীমা সংস্থা |
|---|---|---|---|---|
| নিয়ন্ত্রণ বিধি ভঙ্গের ক্ষেত্রে | ✓ | ✓ | ✓ | - |
| চুক্তিভঙ্গের ক্ষেত্রে | - | - | ✓ | - |
| উল্লেখযোগ্যবিপদ,যেমন নির্মাণকালে টাওয়ার ভেঙ্গে পড়া | - | ✓ | ✓ | ✓ |
| During O&M | - | ✓ | - | - |
| O&M এর সময় স্বাস্থের উপর প্রভাব ইত্যাদি | - | ✓ | - | - |
| অনিবার্য কারণঃ বীমাযোগ্য | - | - | - | ✓ |
| অনিবার্য কারণঃঅ-বীমাযোগ্য | ✓ | ✓ | - | - |
| সংশ্লিষ্টসম্প্রদায়েরএনজিওর অব্যাহতি/অন্তর্ভুক্তি | ✓ | ✓ | - | - |
| জনস্বার্থ মামলা | ✓ | ✓ | - | - |

### বাস্তবায়নের ব্যবস্থা

৩৯ ESPP বাস্তবায়নের জন্য সঠিক গুণমানে এবং সক্রিয় সাংগঠনিক কাঠামোর সমর্থন নিশ্চিত ও কার্যকারী করতে হবে এবং TSECL তার কাজের সংস্কৃতি ও কর্ম পদ্ধতি তৈরি করবে যা তাদের সকল কর্মীদের সামগ্রিক যোগদান উৎসাহিত করবে।নির্ধারিত লক্ষ্য প্রাপ্ত করার জন্য নিম্নোলিখিত সূচী নিশ্চিত করা হবেঃ

- ✓ TSECL এর কর্পোরেট পরিকল্পনায় একটি সমন্বিত ব্যবস্থা গ্রহণ করবে যা CMD/প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) দ্বারা সমর্থিত।
- ✓ একটি অন্তঃ-বিভাগীয় পদ্ধতির উপর গুরুত্ব আরোপ করবে,বিভাগীয় দায়িত্ব এবং কতৃত্ব বন্টন এবং সুনির্দিষ্ট করবে যা দ্রুত ব্যবস্থা গ্রহণে এবং প্রয়োজনীয় সংশোধনীর মাধ্যমে কাঙ্ক্ষিত পরিবর্তন আনবে।কর্তৃপক্ষের প্রতিনিধিদের প্রক্রিয়ার মাধ্যমে সংশোধনী পরিণতি হবে।
- ✓ পরিচালন ব্যবস্থার সব ক্ষেত্রে সর্বক্ষণ ধার্য সময়সীমার মধ্যে সর্বত্তম গুনগত পরিষেবা প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ থাকবে।

৪০ TSECL অঙ্গিকারবদ্ধ যে এই নীতিগুলির সমন্বয়ে ESPP তৈরি করা হবে এবং তার যথার্থ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য TSECL নিমোক্ত বিষয়গুলিতে সর্বদা নজর দেবেঃ

- ✓ বিশেষজ্ঞ এবং উপযুক্ত প্রশিক্ষিত কর্মীদের নিয়োগ বা পুনঃনিয়োগের মাধ্যমে ESPPর সুদৃঢ় বাস্তবায়ন;
- ✓ পরিবেশ ও সামাজিক প্রভাবের সমাধান এবং পরিচালনা করতে সংশ্লিষ্ট ক্ষেত্রে উপযুক্ত বিশেষজ্ঞ নিয়োগ;
- ✓ বাইরের বিশেষজ্ঞ সংস্থার সাথে যৌথ কার্যক্রমের মাধ্যমে আভ্যন্তরীণ ক্ষমতাকে শক্তিশালী করা;
- ✓ উচ্চ আধিকারিক দ্বারা নিয়মিত এবং বেশি মাত্রায় পর্যালোচনা এবং মূল্যায়ন;
- ✓ ESPP রূপায়নে প্রারম্ভিক সমস্যার সম্মুখীন হতে হয়েছে সেগুলির আভ্যন্তরীণ বা বহিঃসংস্থার মাধ্যমে প্রয়োজন অনুসারে বার্ষিক পর্যালোচনা এবং মূল্যায়ন।
- ✓ মজবুত এবং উদ্দেশ্যমুখি নজরদারী এবং মূল্যায়ন ব্যবস্থা গড়ে তোলা যা মূখ্য সূচকগুলির কার্যকারিতা লক্ষ্য রাখবে।

প্রয়োজনীয়ও সহায়তা প্রদান করা ছাড়াও কর্পোরেট কার্যালয় বিদ্যুৎ পরিবহন ও বন্টন ব্যবস্থার নির্মাণ,কাজকর্ম এবং রক্ষণাবেক্ষণে সামগ্রিক দায়িত্ব নেবে।

৪১ NERPSIPর জন্য,কার্যনির্বাহী সংস্থা (IA) POWERGRID কে প্রকল্পের জন্য নকশা তৈরি এবং বাস্তবায়নের প্রক্রিয়ায় নজরদারী করার জন্য নিয়োগ করা হয়েছে।রাজ্যের সাথে আলোচনা করে একটি স্তরীয় কাঠামো গঠন করা হয়েছে যা নিম্নরূপে বর্ণিত।

Central Project Implementation Unit (CPIU) -একটি সংস্থান গঠিত হয়ছে যা মূলত প্রকল্প তৈরি এবং বাস্তবায়নে প্রয়োজনীয় সমন্বয় সাধনের কাজ করবে এবং কার্যনির্বাহী সংস্থা (IA) এর কার্যালয় গুয়াহাটিতে স্থিত হবে।IA প্রোজেক্ট ইনর্চাজ এবং প্রতিটি CPIU এর শীর্ষ কর্তারা এর সদস্য হবে।

- SPCU বিদ্যুৎ পরিষেবা সংস্থাগুলি দ্বারা গঠিত একটি সংস্থান যা (IA) সঙ্গে বিভিন্ন বিষয়ে সমন্বয় যাতে প্রকল্পে রাজ্যস্তরে প্রকল্প প্রস্তুতির এবং বাস্তবায়ন করা যায় ।বিভিন্ন বিষয়ের বিশেষজ্ঞদের দ্বারা গঠিত এই সংস্থানে TSECL এর পক্ষ থেকে একজন প্রধান প্রকৌশলী (চিফ ইঞ্জিনিয়ার) বা সমতুল পদাধিকারীর কোন আধিকারিক নেতৃত্ব দেবেন।

**PMC Project Implementation Unit (PPIU)**– IA এর দ্বারা একটি সংস্থান গঠিত হয়ছে যাতে TSECL এর কর্মীরাও ডেপুটেশনে আছেন।এই সংস্থা রাজ্য জুড়ে প্রকল্প বাস্তবায়নের দায়িত্বে থাকবে এবং তার জন্য এর কর্মীরা বিভিন্ন স্থানে নিয়োজিত থাকবে ও SPCU/CPIU সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করবে।PPIU" রাজ্যস্তরের প্রজেক্ট ম্যানেজারকে রিপোর্ট করবে যিনি IA এর প্রকল্পর মূখ্য ভারপ্রাপ্ত অধিকারীক( Project-in-Charge) দ্বারা মনোনীত। CPIU তে স্থায়ীভিত্তিতে IA এর একটি কোর দল বহাল থাকবে এবং অন্যান্য PMC আধিকারিকরা(প্রয়োজনীয় দক্ষতাযুক্ত)এই কোর দলের প্রয়োজন অনুসারে প্রকল্পর স্থান পরিদর্শন করবে।

## অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাসমূহ(GRM)

৪২ অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাকে(GRM) প্রকল্পের পরিকল্পনা, জরিপ, বাস্তবায়ন, পরিচালন ও রক্ষণাবেক্ষণ পর্যায়ের অবিচ্ছেদ্য অংশ হিসাবে তৈরি করা হয়েছে। TSECL প্রকল্পের পরিকল্পনা, বাস্তবায়ন ও অপারেশনের বিভিন্ন পর্যায়ে উদ্ভূত যেকোনো অভিযোগ সুরাহায় অতিরিক্ত জেনারেল ম্যানেজারের (এজিএম) নেতৃত্বে একটি অভিযোগ নিষ্পত্তি কমিটি (GRC) গঠন করবে।GRC সদস্যদের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে যেটি বিদ্যুৎ পরিষেবা সংস্থাগুলির এজিএম,স্থানীয় প্রশাসন, গ্রামপঞ্চায়েত সদস্য, ক্ষতিগ্রস্ত পরিবারের প্রতিনিধি এবং সমাজের বিশিষ্টজনদের ।

৪৩ বিদ্যুৎ পরিবহন এবং বন্টন লাইনের ক্ষেত্রে, গাছপালা ও ফসলের ক্ষতিপূরণ পাওয়ার জন্য ক্ষতিগ্রস্ত ব্যক্তির রাজস্ব কর্মকর্তার মূল্যায়নের ভিত্তিতে প্রকৃত ক্ষতির বিজ্ঞপ্তি প্রদানের পর তাদের অভিযোগ নথিভুক্ত করতে GRM এ সুযোগ দেওয়া হবে।সাবষ্টেশন এবং পরিবহন এবং বন্টন লাইনের জন্য(যেখানে জমি অধিগ্রহণ জড়িত), GRM হল RFCTLARRA, 2013অধীনে একটি অবিচ্ছেদ্য অংশ। SIA এর ফলাফল ও অতিরিক্ত তথ্যের জন্য মতামত চাইতে এবং চূড়ান্ত নথিতে বা অনট অন্তর্ভুক্ত করার জন্য ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে গণশুনানি অনুষ্ঠিত হইবে।বিস্তারিত পদ্ধতি, RFCTLARRA 2013 অধীনে দেওয়া হয়েছে। SIMP প্রয়োগের সময় TSECL নিবিড়ভাবে রাজ্য কর্তৃপক্ষ ও জেলা প্রশাসনের সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলবে।